



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/17/2023

গভর্নর ক্যাথি হোকল

ওষুধের মাধ্যমে গর্ভপাতের সুযোগ সীমাবদ্ধ করার প্রচেষ্টায় ফিফথ সার্কিট সিদ্ধান্তের পরবর্তীতে, নিউ ইয়র্ককে গর্ভপাত সেবা সন্ধানী সকলের জন্য "নিরাপদ আশ্রয়" করে রাখার ব্যাপারে গভর্নর হোকল জোর প্রদান করলেন

জুন মাসে গভর্নর স্টেট লাইনের বাইরে ওষুধের মাধ্যমে গর্ভপাতের ওষুধ প্রেসক্রাইব করা নিউ ইয়র্ক চিকিৎসকদের সুরক্ষা প্রদানকারী বিধিমালায় স্বাক্ষর করেন

দেশব্যাপী মিফেপ্রিস্টোন নিষিদ্ধ করা হলে বর্ধিত চাহিদার জন্য প্রস্তুত থাকতে নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ 150,000 ডোজ গর্ভপাতের ওষুধ সংরক্ষণ করেছে।

ডবস সিদ্ধান্তের পর গর্ভপাত পাওয়ার সুযোগ সুরক্ষিত রাখতে গভর্নর দেশ সেরা 35 মিলিয়ন মার্কিন ডলারের গর্ভপাত সেবাদানকারী সমর্থন তহবিল গঠন করেছেন।

গভর্নর ক্যাথি হোকল আজকে গর্ভপাত সেবা পাওয়ার সুযোগ সুরক্ষিত রাখতে নিউ ইয়র্কের গৃহীত পদক্ষেপগুলির উপর আলোকপাত করলেন, যার মধ্যে রয়েছে মিফেপ্রিস্টোন পাওয়ার সুযোগ নির্মূল করার প্রচেষ্টায় একটি ফেডারেল আদালতের রায়ের পরবর্তীতে ওষুধের মাধ্যমে গর্ভপাত সুরক্ষিত রাখা। ফিফথ সার্কিটের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের আপিল কোর্ট (U.S. Court of Appeals) একটি রায় জারি করেছে যেখানে চিকিৎসকদের সশরীরে ভিজিট ব্যতীত মিফেপ্রিস্টোন প্রেসক্রাইব করতে নিষেধ করা হয়েছে এবং মেইলের মাধ্যমে রোগীদের এই ওষুধ প্রেরণ নিষিদ্ধ করা হয়েছে। রায়টি তাৎক্ষণিকভাবে মিফেপ্রিস্টোন পাওয়ার সুযোগকে প্রভাবিত করে না, কিন্তু আগামী মাসগুলিতে সেই বিষয়টি মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টে যাওয়ার কথা রয়েছে।

"পুরো দেশের স্টেটগুলিতে যখন অ্যান্টি-চয়েস চরমপন্থী কর্তৃক আমরা ওষুধের মাধ্যমে গর্ভপাতের মতো প্রজনন সংক্রান্ত স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ সীমাবদ্ধ হতে দেখছি, তখন নিউ ইয়র্কে মিফেপ্রিস্টোন বৈধ এবং উপলভ্য থাকছে," **গভর্নর হোকল বলেন।** "গর্ভপাতকে আমাদের স্টেটে নিরাপদ, সহজলভ্য, এবং বৈধ রাখতে আমি প্রতিশ্রুতিবদ্ধ এবং প্রজনন সংক্রান্ত স্বাস্থ্যসেবার প্রয়োজন আছে এম ব্যক্তিদের জন্য নিউ ইয়র্ককে একটি নিরাপদ আশ্রয় করে রাখার জন্য সর্বদা লড়াই করে যাবো।"

2023 সালের এপ্রিল মাসে গভর্নর [ঘোষণা করেন](#) যে গর্ভপাত পাওয়ার সুযোগ সুরক্ষিত করার চলমান প্রয়াসের অংশ হিসেবে স্টেট গর্ভপাতের ওষুধ মিসোপ্রোস্টল মজুদ করবে। গভর্নরের

নির্দেশে, নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) অবিলম্বে 150,000 ডোজ মজুদ করার জন্য মিসোপ্রোস্টল ক্রয় করা শুরু করে, যা প্রত্যাশিত চাহিদা মেটাতে একটি পাঁচ বছরের সরবরাহ। এছাড়াও গভর্নর হোকল ঘোষণা করেন যে যদি বাজার থেকে গর্ভপাতের ওষুধ মিফেপ্রিস্টোন সরিয়ে নেওয়া হয়, তাহলে অন্যান্য পদ্ধতিতে এই সেবাদান করার জন্য স্টেট সেবাদানকারীদের অতিরিক্ত 20 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ আছে।

2023 সালের জুন মাসে গভর্নর হোকল একটি বিধিমালাকে আইন হিসেবে স্বাক্ষর করেন যা টেলিহেলথ সেবার মাধ্যমে গর্ভপাত সেবার প্রয়োজনে থাকা রোগীদের এবং এই চিকিৎসা প্রদানকারী চিকিৎসকদের সুরক্ষা প্রদানের জন্য অ্যাক্সেসকে বলীয়ান করবে। স্টেটের চিকিৎসক, মেডিকেল সেবাদানকারী, এবং ফ্যাসিলিটরগণ যাতে গর্ভপাত সেবা বেআইনি বা সীমাবদ্ধ করা স্টেটসমূহে মামলার ভীতি ছাড়াই নিউ ইয়র্কের বাইরের রোগীদের টেলিহেলথ সেবা এবং ওষুধের মাধ্যমে গর্ভপাত পরদিন করতে পারে তা নিশ্চিত করতে এই বিধিমালাটি স্টেটের আইনকে সম্প্রসারিত করে।

এছাড়াও গভর্নর হোকল 2023 সালের মে মাসে একটি বিধিমালা স্বাক্ষর করেন যা যেকোনো নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) ও নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (City University of New York, CUNY) কলেজে ভর্তি সকল শিক্ষার্থীর কাছে যাতে ক্যাম্পাসে ওষুধের মাধ্যমে গর্ভপাত পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করে। আইনটি প্রত্যেক SUNY এবং CUNY ক্যাম্পাসের জন্য তাদের শিক্ষার্থীদেরকে গর্ভপাতের ওষুধ পাওয়ার সুযোগ প্রদান আবশ্যিক করে, যা গর্ভপাতের প্রেসক্রিপশন ওষুধ প্রেসক্রাইব করতে পারবে এমন অনুমোদিত ব্যক্তিকে চাকরিদাতা বা চুক্তির মাধ্যমে, বা শিক্ষার্থীদেরকে গর্ভপাতের ওষুধ প্রেসক্রাইব করার জন্য অনুমোদিত সেবাদানকারীর তথ্য এবং রেফারেল প্রদানের মাধ্যমে করা যাবে।

2022 সালের মে মাসে, গভর্নর হোকল সুপ্রিম কোর্টের রো বনাম ওয়েডের রায় বদলে দেওয়ার আশঙ্কায় গর্ভপাত প্রদানকারীদের সরাসরি সমর্থন করার জন্য একটি দেশ সেরা 35 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ ঘোষণা করেন। গভর্নর হোকল স্বাস্থ্য বিভাগকে একটি 25 মিলিয়ন মার্কিন ডলারের গর্ভপাত সেবাদানকারী সমর্থন তহবিল (Abortion Provider Support Fund) তৈরি করার নির্দেশ দেন যা ধারণক্ষমতা বৃদ্ধি এবং নিউ ইয়র্কে গর্ভপাত সেবা সন্ধানী রোগীদের তা পাওয়ার সুযোগ নিশ্চিত করার জন্য গর্ভপাত প্রদানকারীদের সমর্থন করবে। এছাড়াও গভর্নর প্রজনন সংক্রান্ত স্বাস্থ্য সেবা কেন্দ্রের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন যাতে তারা এই অত্যাবশ্যকীয় চিকিৎসা প্রদানকারী সেবাদানকারীদের নিরাপত্তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য অপরাধ ন্যায়বিচার সেবা বিভাগের (Division of Criminal Justice Services) মাধ্যমে নিরাপত্তা অনুদান পেতে পারে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418